

## অঙ্গীকারনামা

১। কুমুদিনী কমপ্লেক্স মির্জাপুর এর অভ্যন্তরে কুমুদিনী কল্যাণ সংস্থার সর্বাধুনিক প্রতিষ্ঠান নার্সিং কলেজ ঐতিহ্যবাহী নিয়ম কানুনের অনুবর্তী থাকবে।

২। ছাত্রীকে নার্সেস হোস্টেলে বাস করিতে হইবে, হোস্টেলের নিয়মাবলী এবং প্রশিক্ষণরত থাকা কালীন প্রশিক্ষণের সমস্ত নিয়মাবলী মানিয়া চলিতে হইবে।

৩। প্রতি সপ্তাহে শুক্রবার সকাল ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত অভিভাবকের অনুমোদিত ব্যক্তিদের সহিত সাক্ষাৎ করিতে পারিবে।

৪। প্রশিক্ষন চলাকালীন এবং চুক্তি মোতাবেক সার্ভিস চলাকালীন কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী বিশেষ প্রশিক্ষণের জন্য দেশে/দেশের বাইরে পাঠানো হইতে পারে এক্ষেত্রে কোন প্রকার ওজর আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৫। কোন ছাত্রী ছাত্রীবাসে অসুস্থ হয়ে পড়লে তাৎক্ষনিকভাবে সুপারভাইজারের মাধ্যমে ছাত্রীবাসের তত্ত্বাবধায়ক অথবা অধ্যক্ষকে জানাতে হবে।

৬। ৬ মাস পর ১ম বর্ষ মিডটার্ম পরীক্ষা অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার অকৃতকার্য হইলে ছাত্রীকে নার্সিং প্রশিক্ষণের জন্য অনুপোযুক্ত বলিয়া গণ্য করা হইবে। মিডটার্ম পরীক্ষার পর ছাত্রীকে ১৪ দিনের ছুটি দেওয়া হইবে।

৭। প্রতিষ্ঠানের নির্ধারিত ছুটি ব্যতিত অন্য কোন প্রকার ছুটি ভোগ করা যাইবে না।

৮। ছুটিতে বাড়ী যাইবার সময় অভিভাবক অথবা তাহার অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কাহারো সহিত যাইতে দেওয়া হইবে না।

০৯। ভর্তির সময় ছাত্রীকে ভর্তি ফি বাবদ অফেরতযোগ্য ৬২,৭১০.০০ (ষাষট্টি হাজার শাত শত দশ টাকা) অবশ্যই ডাচ-বাংলা ব্যাংক এবং বিকাশ এর মাধ্যমে জমা দিয়ে জমা প্লিপ অফিসে জমা দিতে হইবে।

**Dutch Bangla Bank Ltd.**

**Account Name:** Kumudini Nursing College

**Account Number:** 116 120 0000 526

**Gulshan Branch, Dhaka.**

**bKash Merchant Number: 01730090297 (Payment)**

**Total Cost: 6,33,910 TK. \*\*\* Monthly Payment: 11,900**

১০। ভর্তির দিন ছাত্রীর এস.এস.সি ও এইচ.এস.সি পাশের নম্বরপত্র এবং মূল/সাময়িক সনদপত্র অবশ্যই জমা দিতে হইবে। অন্যথায় ছাত্রীকে ভর্তি করা হইবে না।

১১। প্রশিক্ষণরত থাকা কালীন কেহ বিবাহ করিতে পারিবে না, যদি কেহ বিবাহিতা বলিয়া প্রমাণিত হয় তাহা হইলে সে প্রশিক্ষনের অযোগ্য বলিয়া গন্য হইবে।

১৪। নিম্নলিখিত জিনিসগুলি ছাত্রীকে সাথে আনিতে হইবে।

ক) বিছানার চাঁদর, মশারী, বালিশ, লেপ/কম্বল      ঘ) ছাত্রীর ছবি ১ কপি (পাসপোর্ট সাইজ)  
খ) ছাতা এবং ব্যক্তিগত ব্যবহারের জিনিস      ঙ) সোয়েটার - কালো  
গ) হাত ঘড়ি (সেকেন্ডের কাঁটা সহ)      চ) ইংরেজী অভিধান  
ছ) ০৩ জন অভিভাবকের ০১ কপি করে স্ট্যাম্প সাইজ ছবি।

১৫। নার্সিং কলেজে ভর্তির দিন পিতা বা মাতাকে অবশ্যই সংগে আসিতে হইবে।

১৬। ক্লাশ এবং ডিউটি চলাকালীন সময় কেহ ব্যক্তিগত মোবাইল সঙ্গে আনিতে পারিবে না।

১৭। প্রত্যেক ছাত্রীকে প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী প্রতি মাসে বৃত্তি দেওয়া হইবে।

এই প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রাখতে ও ছাত্রীদের নিরাপত্তা রক্ষার্থে উপরোক্ত বিধিমালাগুলি অবশ্যই পালনীয়। প্রয়োজন অনুসারে এই বিধিমালা পরিবর্তিত ও পরিবর্ধিত হতে পারে।

অধ্যক্ষ

কুমুদিনী নার্সিং কলেজ

নিয়মাবলী মানিয়া লইতে রাজী আছি।

ছাত্রীর স্বাক্ষর -----

অভিভাবকের স্বাক্ষর -----

তারিখ -----